

বিষয়: ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে নার্সিং কোর্সে ভর্তি পরীক্ষা গ্রহনকালীন সময়ে অনসরণীয় বিশেষ নির্দেশনা প্রসঙ্গে।

- ১। পরীক্ষা দিন সকাল ০৮:৩০ মিনিট থেকে পরীক্ষার্থীদের কেন্দ্রে এবং ০৯:৩০ মিনিটের পূর্বে পরীক্ষার হলে প্রবেশ নিষিদ্ধ করার ব্যবস্থা করতে হবে। ০৯:৩০ মিনিটের পর কেন্দ্রের প্রধান ফটক বন্ধ করতে হবে।
- ২। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পূর্বেই হল সুপার অন্যান্যদের নিয়ে হলে উপস্থিত থাকবেন।
- ৩। পরীক্ষা চলাকালীন সময়ে কেবল মাত্র কেন্দ্র প্রধান, এবং কেন্দ্র প্রধানের নির্বাচিত প্রতিনিধিগণ স্বাস্থ্য অধিদপ্তর থেকে সরবরাহকৃত মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন। মোবাইল ফোন ব্যবহারকারীগণের নাম ও মোবাইল নম্বরসহ শিট অত্র দপ্তরে প্রেরণ করতে হবে। অন্য কেহ মোবাইল ফোন বা ডিজিটাল ডিভাইস ব্যবহার করতে পারবেন না।
- ৪। উপরোক্ত ব্যক্তিবৃন্দ ব্যতীত পরীক্ষার হলে মোবাইল ফোন বা ডিজিটাল ডিভাইস, সবধরনের ক্যালকুলেটর, হাত ঘড়ি বা পকেট ঘড়ি নিয়ে প্রবেশ সম্পূর্ণভাবে নিষিদ্ধ।
- ৫। পরীক্ষা কেন্দ্রের প্রতিটি হলে একটি করে দেয়াল ঘড়ি লাগিয়ে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করতে হবে।
- ৬। মেটাল ডিটেকটরের মাধ্যমে পরীক্ষার হলে ঢোকার আগে প্রত্যেক পরীক্ষার্থীকে তত্ত্বাবধায়িত করা হবে। এ বিষয়ে কোন প্রকার অনুকম্পা বা আবেগের বশবর্তী হয়ে কোন পরীক্ষার্থীর প্রতি নমনীয় হওয়া যাবে না। প্রয়োজনে পরীক্ষা হলে দায়িত্বপ্রাপ্ত সকলের জন্য এটি প্রযোজ্য হবে।
- ৭। প্রতিটি হলের নির্বাচিত হল সুপার ও হল পরিদর্শকগণের নাম, পদবী, মোবাইল নম্বর, ও স্বাক্ষর সম্বলিত তথ্য অতিরিক্ত স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৮। কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের কোন নিকট আত্মীয় যেমন: ভাই/বোন, ছেলে/মেয়ে, ভাই-বোনের ছেলে/মেয়ে ইত্যাদি এই পরীক্ষায় পরীক্ষার্থী থাকলে, তা নিম্নস্বাক্ষরকারীকে অবশ্যই জানাতে হবে এবং যদি নিকট আত্মীয় পরীক্ষার্থী থাকে তবে, সেই কেন্দ্রে তাকে পরীক্ষা সংক্রান্ত কোন কাজে দায়িত্ব প্রদান করা যাবে না।
- ৯। প্রতিটি প্রশ্ন-পত্রের সাথে সংযুক্ত থাকা প্রতিটি Answer sheet কোন অবস্থাতেই এই দুইটি আলাদা করে পরীক্ষার্থীদের দেওয়া যাবে না। পরীক্ষার পর প্রতিটি হলের নির্বাচিত হল সুপার ও হল পরিদর্শকগণ Answer sheet আলাদা করে কক্ষওয়ারী পূর্ণাঙ্গ তথ্য অর্থাৎ প্রতি কক্ষ ব্যবহৃত প্রশ্নপত্র সঠিক সংখ্যক উল্লেখপূর্বক আলাদাভাবে কক্ষওয়ারী স্বাস্থ্য অধিদপ্তরে পরীক্ষার দিন জমা দিতে হবে।
- ১০। পরীক্ষা গ্রহণের অন্তত ২ (দুই) দিন পূর্বে অবশ্যই ভর্তি কমিটি এবং সকল হল তত্ত্বাবধায়ক/পরিদর্শকগণকে পরীক্ষা সংক্রান্ত সকল তথ্য সভার মাধ্যমে অবহিত করবেন। পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী (কপি সংযুক্ত) নোটিশ বোর্ড ও উপযুক্ত স্থানে লাগাবেন।
- ১১। বারকোর্ড দুই পৃষ্ঠায় আছে কিনা তা দেখে নিতে হবে। সব উত্তরপত্র ও প্রশ্নপত্র বুঝে পেয়ে তারপর, পরীক্ষার্থীকে হলত্যাগ করার অনুমতি দিতে হবে।
- ১২। সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ সকল হলের পরীক্ষা সংক্রান্ত কাগজ-পত্র গ্রহণ ও সময় শেষে প্রেরিত ছক পূরণ করে চারটি আলাদা প্যাকেটে পরিচালক (চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকার নিকট তার মনোনিত প্রতিনিধি, নির্বাহী ম্যাজিস্ট্রেট ও পুলিশ এক্সট্রাসহ নিরাপত্তা হেফাজতের মাধ্যমে পাঠাবেন।

- প্যাকেট-১ : ব্যবহৃত উত্তর পত্র (হল ভিত্তিক আলাদা আলাদা প্যাকেটসমূহ একত্রে)
প্যাকেট-২ : ব্যবহৃত প্রশ্ন পত্র (কক্ষায় ভরে প্রতিষ্ঠানের নাম লিখতে হবে)।
প্যাকেট-৩ : অব্যবহৃত প্রশ্নপত্র ও উত্তরপত্র (অতিরিক্ত সহ)
প্যাকেট-৪ : হাজিরা সীট (সকল)

সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে কর্তৃপক্ষের সর্বোচ্চ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ এবং সহযোগীতা একান্তভাবে কাম্য।

18.12.19

অধ্যাপক ডাঃ এ কে এম আহসান হাবিব
পরিচালক
চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-৪৮৮১১২০০,
Email: medicaledu313@gmail.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: সচিব মহোদয়ের একান্ত সচিব)।
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আ: সহকারী পরিচালক, সময়)।
৩. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা।
৮. উপ সচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. অধ্যক্ষ, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/খুলনা মেডিকেল কলেজ।
১০. অধ্যক্ষ, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, রংপুর, বরিশাল, সিলেট, ময়মনসিংহ নার্সিং কলেজ ও খুলনা নার্সিং ইনস্টিটিউট।